

ভাইভা প্রস্তুতি

প্রভাষক আরবী

হাদিস অংশ লেকচার -১

প্রাথমিক আলোচনা

ইসলামী জীবন বিধান দুটি মৌলিক বুনিয়েদের উপর প্রতিষ্ঠিত। ১.আল কুরআন। ২.হাদিস।

ইসলামি শরিয়তের উৎস হিসেবে কুরআন এর পরেই হাদিসের স্থান। احاديث শব্দটি একবচন। বহুবচনে احاديث। এ শব্দটি اسم فاعل مبالغة এর ওজনে الجدید، الخبر، النبا অর্থ হিসেবে ব্যবহৃত হয়।

কথা, কাজ, সমর্থন বা গুনাবলি কে যা কিছু রাসুলের দিকে সম্পর্কিত করা হয়, তাই হাদীস।

মোট কথা, রাসুলের কথা, কাজ বা মৌন সমর্থন কে হাদীস বলে।

আলোচ্য বিষয় :- হাদীসের আলোচ্য বিষয় হচ্ছে নবী করীম স: এর সত্ত্বা, যেখানে নবীজির কার্য পদ্ধতি, কথোপকথন ও সমর্থন ইত্যাদি গুনাবলির বিভিন্ন দিক আলোচনা করে।

লক্ষ ও উদ্দেশ্য :- উভয় জাহানে সৌভাগ্যের মাধ্যমে সফলতা অর্জন করা।

ছিহাহ সিত্তার পরিচয়।

1. الجامع البخاري :- ابو عبد الله محمد ابن اسماعيل ابن ابراهيم.

2. الجامع المسلم :- ابو الحسين مسلم بن حجاج القشيري.

3. السنن النساءى :- ابو عبد الرحمن احمد ابن شعيب بن علي النساءى.

4. السنن ابو داؤد :- سليمان ابن الاشعث ابن اسحاق الاسدي السجستاني.

5. السنن الترميذي :- ابو عسى محمد ابن عسى بن ثوره بن موسى بن الضحاک.

6. السنن لابن ماجه :- ابو عبد الله محمد يزيد بن عبد الله ابن ماجه.

ইমাম বুখারী রহ:

নাম: আবু আব্দুল্লাহ মুহাম্মদ বিন ইসমাইল বিন ইব্রাহিম ইবনে মুগিরা আল বুখারী

জন্ম:- ১৩ শাওয়াল ১৯৪ হিজরি, শুক্রবার।

৬ বছর বয়সে কুরআন মুখস্ত করেন।

উপাধি :-আমিরুল মুহমিনিন ফি হাদিস।

ইমামুদ দুনিয়া ফিল হাদীস।

হাফিজুদ দুনিয়া ফি হাদীস।

শিক্ষক ১৮০০ জন।

ছাত্র ৯০০০০ জন।

বুখারী শরীফের পূর্ণ নাম:-

الجامع المسند الصحيح المختصر من أمور رسول الله صلى الله عليه وسلم و سنته و إيامه

বুখারীর শর্ত ৪ টি

متصل السند، طويل الملازمة، ثقة الراوي، لقاء الراوى مع المروى عنه

বুখারী শরীফে হামদ ও ছানা পরিত্যাগ করার কারণ :-

*** ইমাম বুখারীর দৃষ্টিতে হামদ ও ছানার হাদিস সহিহ না হওয়া।।

*** নাযিল কৃত আয়াত সমূহ এবং সুরায় হামদ না থাকার কারণে।

*** বিসমিল্লাহ এর মধ্যে আল্লাহর প্রশংসা থাকায় পৃথক ভাবে উল্লেখ করে নি।

বুখারী শরীফের প্রসিদ্ধ বংগানুবাদক শায়খুল হাদীস আল্লামা আযিযুল হক।

সাহাবী থেকে ইমাম বুখারী অথবা যে কোন ইমাম পর্যন্ত রাবী সংখ্যা তিন জন হলে ঐ হাদীস কে সুলাসিয়াত বলে।

ইমাম মুসলিম।

সহীহ মুসলিম এর সংকলক মুসলিম ইবনে হাজ্জাজ রহ:

তার পূর্ণ নাম আবুল হসাইন মুসলিম ইবনে হাজ্জাজ আল কুশায়রী আন নিশাপুরী।

তিনি ২০৩/২০৪/২০৬ হিজরীতে নিশাপুর এর একটা বড় শহর খোরাসান জন্ম গ্রহণ করেন।

সহীহ মুসলিম এ কোন সুলাসিয়াত নেই।

তিনি ৫৭ বছর বয়সে ২৬১ হিজরী সনে ইন্তেকাল করেন।

নাসায়ী শরীফ

নাসায়ী শরীফের রচয়িতা আবু আব্দুর রহমান আহমদ বিন শুয়াইব বিন আলী আন নাসায়ী।

তিনি ২১৫ হিজরীতে খোরাসান এর প্রসিদ্ধ নাসা নামক পল্লী তে জন্ম গ্রহণ করেন।

নাসায়ী শরীফ এর মোট হাদীস সংখ্যা ৪৪৮২ টি।

তিনি ৩০৩ হিজরি তে ইন্তেকাল করেন।

আবু দাউদ শরীফ

ইমাম আবু দাউদের পূর্ণ নাম আবু দাউদ সুলায়মান বিন আশয়াস বিন ইসহাক বিন বাশির বিন শাদ্দাদ বিন আমর বিন ইমরান আল আযদী আশ সিজিস্তানী।

তিনি ২০২ হিজরি তে ইরাকের সিজিস্তানে জন্ম গ্রহণ করেন। আবু দাউদ শরীফে ৪৮০০ হাদীস বর্ণিত

রয়েছে। তিনি ২৭৫ হিজরি তে মৃত্যু বরন করেন।

জামে তিরমিযী

ইমাম তিরমিযী এর পূর্ণ নাম আবু মুসা মুহাম্মদ বিন ইসা আত তিরমিযী। তিনি ২০৯ হিজরী তে খোরাसानে জন্মগ্রহণ করেন। তিরমিযী শরীফে ৩৮১২/৩৮১৪ টি হাদীস বর্ণিত রয়েছে। এ গ্রন্থে ১ টি সুলাসিয়াত আছে। তিরমিযী শরীফ কে জামে বলা হয়।

যে হাদিসের কিতাবে উলুমু মুছামানিয়া অর্থাৎ ৮ টি বিষয় আলোচিত হয়েছে তাকে জামে বলে। ৮ টি বিষয় হলো: سير، عقائد، ادب، اسرط، تفسير، فتن، احكام، مناقب

ইমাম তিরমিযী ২৭৯ হিজরীতে ইন্তেকাল করেন।

সুনান ইবনে মাজাহ

ইবনে মাজাহ এর পূর্ণ নাম আবু আব্দুল্লাহ মুহাম্মদ বিন ইয়াযিদ বিন আব্দুল্লাহ বিন মাজাহ আর রাবয়ী আল কাযবিনী।

তিনি ২০৯ হিজরি তে ইরানের কাযবিনী নামক স্থানে জন্মগ্রহণ করেন। এ গ্রন্থে ৫ টি সুলাসিয়াত আছে। তিনি ২৭৩ হিজরি তে ইন্তেকাল করেন।

আরো জানুন

সুনান সেই হাদীস গ্রন্থ কে বলে যাতে হাদীস সমূহ কে ফিকহী কিতাবের তারতীব অনুসারে লিপিবদ্ধ করা হয়েছে। সুনান গ্রন্থ ৪ টি। সুনান আবি দাউদ, সুনান নাসায়ী, সুনান ইবনে মাজাহ, সুনান মুসলিম।

জামে গ্রন্থ ২ টি জামে বুখারী, জামে তিরমিযী।

হাদীস বর্ণনায় সাহাবীদের স্তর ৪ টি। মুকছীরীন, মুতাওয়াসসিতীন, মুকিল্লীন, আকিল্লীন।

যে সকল সাহাবীদের বর্ণিত হাদীসের সংখ্যা ১০০০ এর বেশি তাদের কে মুকছীরীন রাবী বলা হয়। মুকছীরীন সাহাবী ৭ জন।

১/ হযরত আবু হুরায়রা রা: হাদীসের সংখ্যা ৫৩৭৪ টি

২/ হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা: ১৬৬০ টি

৩/ হযরত আয়শা রা: ২২১০ টি

৪/ হযরত আব্দুল্লাহ ইবনে উমর রা: :- ১৬৩০/২৬৩০ টি

৫/ হযরত জাবের ইবনে আব্দুল্লাহ রা: ১৫৪০ টি

৬/ হযরত আনাস ইবনে মালিক রা: ২২৮৬ টি

৭/ হযরত আবু সাইদ খুদরী রা: ১১৭০ টি হাদীস বর্ণনা করেন।

হারুন স্যার মুবাইল ০১৭৩৯৬৫৬৯৬৮

